# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 17-05-2025 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) অবিলম্বে চাকরি ফিরিয়ে দেওয়া সহ একাধিক দাবিতে শান্তিপূর্ণ আন্দোলনের ওপর পুলিশী নির্যাতনের প্রতিবাদে বিধাননগরে বিকাশভবনের সামনে চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের অবস্থান বিক্ষোভ চলছে ।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতরাতে আন্দোলনরতদের সঙ্গে সাক্ষাৎ করে তাঁদের ওপর পুলিশী আচরণের নিন্দা করেন।

২) ভোটার তালিকা তৈরির মতো ক্ষেত্রে কর্তব্যে গাফিলতির অভিযোগে কাকদ্বীপ মহকুমার অ্যাসিস্ট্যান্ট সিস্টেম ম্যানেজারকে সাসপেন্ড করা হয়েছে।

৩) দেশকে রক্ষা করতে গিয়ে শহীদ সেনাকর্মীদের আত্ম বলিদানকে কুর্নিশ জানানোর জন্য তৃণমূল কংগ্রেস আজ থেকে দুদিন মিছিল করবে।

৪) আর জি কর হাসপাতালে পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় সিবিআই আবারো, কলকাতা হাইকোর্টে রিপোর্ট জমা দিয়েছে।

৫) বর্ষা শুরু হওয়ার আগে রাজ্যের সার্বিক পরিস্থিতি ও দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি গতকাল খতিয়ে দেখেন মুখ্যসচিব মনোজ পন্থ।

৬) আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

অবিলম্বে চাকরি ফিরিয়ে দেওয়া সহ একাধিক দাবিতে শান্তিপূর্ণ আন্দোলনের ওপর পুলিশী নির্যাতনের প্রতিবাদে বিধাননগরে বিকাশভবনের সামনে চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের অবস্থান বিক্ষোভ চলছে । কালো ব্যাজ করে তারা প্রতিবাদে সামিল হয়েছেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতরাতে আন্দোলনরত শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে সাক্ষাৎ করেন। আন্দোলনরতদের ওপর পুলিশের লাঠিচালনার নিন্দা করে তিনি বলেন, এই আচরণ বর্বোরচিত ও অমানবিক। শিক্ষকরা জাতির মেরুদন্ড, তাদের সঙ্গে এধরনের আচরণ মেনে নেওয়া যায় না।

এদিকে, কয়েক হাজার চাকরিহারা শিক্ষক – শিক্ষিকা গতকাল ধিক্কার দিবস পালন করেন।

সমাজের বিভিন্ন ক্ষেত্রের মানুষও সামিল হন এই কর্মসূচীতে ।

যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের পক্ষ থেকে অবশ্য জানানো হয়েছে তাদের কর্মসূচীকে রাজনৈতিক হাতিয়ার বানাতে দেওয়া হবে না।

অন্যদিকে, মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির উদ্যোগে গতকাল কলকাতার এস এস সি অফিস - আচার্য সদনের সামনে থেকে বিকাশভবন পর্যন্ত ধিক্কার মিছিল বের করা হয়।

আর এস পি-র ছাত্র-যুব-মহিলা শিক্ষক ও শ্রমিক সংগঠন মৌলালী মোড়ে বিক্ষোভ মিছিল ও সভা করে।

এদিকে, পুলিশ বিকাশভবনের সামনে চাকরিহারা শিক্ষকদের আন্দোলন চলাকালীন লাঠিচার্জের ঘটনায় নিজেদের অবস্থান স্পষ্ট করেছে।

এ ডি জি দক্ষিণবঙ্গ সুপ্রতীম সরকার গতকাল জাভেদ শামিমের সঙ্গে এক যৌথ সাংবাদিক বৈঠকে বলেন, পুলিশ বৃহস্পতিবার বিকেল পর্যন্ত সংযতই ছিল। কিন্তু বিক্ষোভকারীরা বিকাশভবনে থাকা কর্মী, আধিকারিক এবং অন্যদের বেরোতে বাধা দিলে তাদের উদ্যোগ নিতে হয়। সেময়ই চাকরিহারারা পুলিশের ওপর চড়াও হন বলে তাঁর

অভিযোগ। পরিস্থিতি সামাল দিতে বাধ্য হয়েই বলপ্রয়োগ করা হয়েছে বলে শ্রী সরকার জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্ট রাজ্য সরকারি কর্মীদের প্রাপ্য মহার্ঘ্যভাতা বা DA-র মোট বকেয়া পরিমাণের ২৫ শতাংশ অবিলম্বে মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে। দুই বিচারপতি সঞ্জয় কারোল এবং মনোজ মিশ্রের বেঞ্চ গতকাল এই নির্দেশ দিয়ে রাজ্য সরকার এখনো পর্যন্ত কত শতাংশ মহার্ঘ্যভাতা দিয়েছে এবং কত বাকি আছে, তা' আগামী চার সপ্তাহের মধ্যে রাজ্যকে হলফনামা দিয়ে জানাতে বলেছে । মামলার পরবর্তী শুনানি আগস্ট মাসে।

উল্লেখ্য, ২০২২ সালের ২৮শে নভেম্বর রাজ্যের DA মামলা প্রথমবার সুপ্রিম কোর্টে উঠে। সেই থেকে একাধিকবার এসংক্রান্ত মামলা পিছিয়ে যায়। আদালত অবশ্য জানিয়েছে, কেন্দ্রের সমতুল হারে DA দেওয়ার যে নির্দেশ হাইকোর্ট দিয়েছিল, সেই পর্যবেক্ষণে কোন ভুল নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা ১০০ শতাংশই মিটিয়ে দেওয়ার দাবি জানিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী অবিলম্বে ২৫শতাংশ মহার্ঘ্যভাতা দেওয়া এবং এক বছরের মধ্যে পুরো বকেয়া মিটিয়ে দেওয়া উচিত।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আদালতের নির্দেশকে স্বাগত জানিয়ে বলেছন, সুপ্রিম কোর্ট আইনি পথে মুখ্যমন্ত্রীকে শিক্ষা দিয়েছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তিনি এও দাবি করেন, সরকারি কর্মচারীদের অধিকার আটকাতে রাজ্য সরকার প্রায় দু কোটি টাকা খরচ করেছে।

(বাইট – শুভেন্দু)

কংগ্রেস ও শীর্ষ আদালতের নির্দেশকে স্বাগত জানিয়েছে । এক বিবৃতিতে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেন,এটি রাজ্য সরকারি কর্মচারীদের এক ঐতিহাসিক জয়।

সুপ্রিম কোর্টের এই নির্দেশে রাজ্য সরকারি কর্মীদের মধ্যে খুশির হাওয়া । **সংগ্রামী যৌথ মঞ্চের** আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেছেন, শীর্ষ আদালত কর্মীদের প্রাপ্য অধিকারকে স্বীকৃতি দিয়েছে।

DA মামলা নিয়ে সুপ্রিম কোর্টের রায় কে স্বাগত জানিয়েছেন রাজ্য কো ordination কমিটি। কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী এই রায় কে ইতিবাচক বলে উল্লেখ করেছেন।

(বাইট –বিশ্বজিৎ গুপ্ত)

পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী ইউনিয়ন পি এস কে ইউ-ও কর্মচারীদের বকেয়া ডি এ ১-শো শতাংশ রাজ্য সরকারের মিটিয়ে দেওয়া উচিত বলে মন্তব্য করেছে।

অন্যদিকে, সুপ্রিম কোর্টের রায় নিয়ে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে এখনও কোন স্পষ্ট বক্তব্য পাওয়া যায়নি। দলের নেতা জয়প্রকাশ মজুমদার আকাশবাণীকে জানিয়েছে, গোটা রায় খতিয়ে দেখেই দল পরবর্তী সিদ্ধান্ত নেবে।

oooooooooooooooooooooooo

ভোটার তালিকা তৈরির মত ক্ষেত্রে কর্তব্যে গাফিলতি সহ বিভিন্ন অভিযোগে দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ মহকুমার Assistant System Manager Arun Gorai-কে সাসপেন্ড করা হয়েছে। জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসকের কাছ থেকে পাওয়া রিপোর্টের ভিত্তিতে জন প্রতিনিধিত্ব আইনের ৩২ নম্বর ধারার আওতায় তাঁর বিরুদ্ধে এই শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হল বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার কুলতলির গুড়গুড়িয়া ভুবনেশ্বরী গ্রাম পঞ্চায়েতে সম্প্রতি বিজেপি-র মহিলা সদস্যকে আটকে রেখে হেনস্থার অভিযোগ খতিয়ে দেখতে জাতীয় মহিলা কমিশন গতকাল সেখানে যান। কমিশনের সদস্য অর্চনা মজুমদার, প্রথমে আক্রান্ত বিজেপি-র পঞ্চায়েত সদস্যদের সঙ্গে কথা বলেন এবং তাদের অভাব – অভিযোগও শোনেন। পরে মৈপীঠ থানায় গিয়ে পুলিশের সঙ্গে বৈঠক করেন।

বিজেপি-র অভিযোগ ওই গ্রাম পঞ্চায়েতে দলের একমাত্র পঞ্চায়েত সমিতির সদস্য প্রণতী মাঝিকে শাসক দলের একাংশ পরিকল্পিতভাবে হেনস্থা করে। তবে, তৃণমূল কংগ্রেস সমস্ত অভিযোগ অস্বীকার করে পাল্টা দাবি করেছে, তাদের কালিমালিপ্ত করতেই মিথ্যে প্রচার চালানো হচ্ছে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে। জেলা প্রশাসন ও পুলিশ গোটা ঘটনার দিতে নজর রাখছে।

oooooooooooooooooooo

সারা দেশের সঙ্গে এরাজ্যেও গতকাল তিরঙ্গা যাত্রা হয়। রাজ্য বিজেপির উদ্যোগে বিকেলে কলকাতার কলেজ স্কোয়ার থেকে শুরু হয়ে শ্যামবাজারে নেতাজি মূর্তির পাদদেশ পর্যন্ত জাতীয় পতাকা হাতে নিয়ে এবং ভারতীয় সেনাকে স্যালুট জানিয়ে এই পদযাত্রা শেষ হয়। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, আগামী তিনদিন প্রতিটি জেলায় এই তিরঙ্গা যাত্রা করা এবং সর্বস্তরে ছড়িয়ে দিতে দলীয় কর্মীদের নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, একসময় বাংলা জাতীয়তাবাদের উৎস স্থল ছিল। বাংলায় আবার সেই জাতীয়তাবাদের স্রোত দেখতে পাওয়া যাচ্ছে। এই জাতীয়তাবাদই আগামী দিনে বাংলাকে পথ দেখাবে।

(বাইট - সুকান্ত)

পশ্চিম বর্ধমানের আসানসোলে জাতীয় পতাকা হাতে তিরঙ্গা যাত্রায় পা মেলান শ'য়ে শ'য়ে মানুষ। কালচারাল অ্যান্ড লিটারেরি ফোরাম অফ বেঙ্গল আয়োজিত এই তেরঙ্গা যাত্রা আসানসোলের আশ্রম মোড় থেকে শুরু হয়ে কর্পোরেশন মোড়ে শেষ হয় । উপস্থিত ছিলেন আসানসোলের প্রাক্তন মেয়র তথা বিজেপি নেতা জিতেন্দ্র তেওয়ারি, আসানসোল বিজেপি সাংগঠনিক জেলার সভাপতি দেবতনু ভট্টাচার্য, কাউন্সিলার অমিত তুলসিয়ান প্রমুখ।

oooooooooooooooooooooo

দেশকে রক্ষার কাজ করতে গিয়ে যেসব সেনা কর্মী শহীদ হয়েছেন তাদের আত্ম বলিদান কে কুর্নিশ জানানোর জন্য তৃণমূল কংগ্রেস আজ থেকে দুদিন মিছিল করবে। পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম বলেছেন, ভারতের সেনা, মহিলা সেনা কর্মীদের জন্য আমরা গর্বিত। সেনাবাহিনী প্রতিনিয়ত সুরক্ষা করছেন বলেই দেশবাসী নিরাপদে ও , সুরক্ষিত আছেন।

( বাইট – ফিরহাদ)

oooooooooooooooooooooooo

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন তালবাদ্য শিল্পী বিক্রম ঘোষ বলেছেন, অপারেশন সিন্দুর আবার প্রমাণ করলো জাতীয় স্বার্থে আমরা সব সময় ঐক্যবদ্ধ।

আকাশবাণীকে তিনি বলেন, ব্রিটিশ সাম্রাজ্যবাদ থেকে শুরু করে সমস্ত রকম অন্যায়ের বিরুদ্ধে সারা ভারত লড়াই করেছে এক সুরে। দেশের অর্থনীতি, দারিদ্র ও বর্তমানে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইতে সরকার এবং দেশের নাগরিক আমরা সবাই জাতীয় স্বার্থের ক্ষেত্রে সব সময় ঐক্যবদ্ধ।

একতাই আমাদের শক্তি।

( বাইট - বিক্রম ঘোষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় কেন্দ্রীয় তদন্ত ব্যুরো সিবিআই আবারো কলকাতা হাইকোর্টে রিপোর্ট জমা দিয়েছে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে গতকাল দাখিল করা ঐ রিপোর্ট-এ সিবিআইয়ের তরফে আবারও জানানো হয়েছে খুন ও ধর্ষণের ঘটনায় সঞ্জয় রায় একাই দোষী। পরিবারের তরফে বার বার যে দাবি করা হচ্ছে ঘটনাস্থলে সঞ্জয় রায় ছাড়াও অন্য ব্যাক্তি উপস্থিত ছিল, সেবিষয়ে সিবিআই আগেই তদন্ত করেছে এবং তাদের সেই তদন্তে সেরকম কিছুই পাওয়া যায়নি। হাইকোর্ট, রিপোর্টের কপি পরিবারকে দিতে নির্দেশ দিয়েছে। পরিবারের আইনজীবী রিপোর্ট খতিয়ে দেখে আগামী ৩০ জুন তাদের আপত্তির বিষয়ে আদালতে জানাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ষা শুরু হওয়ার আগে রাজ্যের সার্বিক পরিস্থিতি ও দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি গতকাল খতিয়ে দেখেন মুখ্যসচিব মনোজ পন্থ। নবান্নে বিপর্যয় মোকাবিলা দপ্তর সহ সংশ্লিষ্ট সব দপ্তরের সচিবদের সঙ্গে ওই বৈঠকে ছিলেন সীমান্তরক্ষী বাহিনী, সেনা-নৌ ও উপকূলরক্ষী বাহিনী এবং আবহাওয়া দফতরের প্রতিনিধিরাও।

নবান্ন সূত্রে জানা গেছে, বর্ষা স্বাভাবিক সময়ে আসবে বলে আবহাওয়া দফতরের পক্ষে বৈঠকে জানানো হয়। মুখ্যসচিব প্রতিটি বাঁধ কী অবস্থায় আছে খতিয়ে দেখতে সেচ দপ্তরকে নির্দেশ দেন।

যেখানে প্রয়োজন, সেখানে মেরামতির ব্যবস্থা করতে এবং বোরো চাষের জন্য যাতে জলের অভাব না হয়, সেদিকেও সেচ দপ্তরকে নজর দিতে বলা হয়েছে। জেলাশাসকদের পর্যাপ্ত ত্রাণসামগ্রী মজুত রাখা, আশ্রয় শিবিরগুলি যথাযথ রক্ষণাবেক্ষণ ও প্রয়োজনে নিচু এলাকার লোকজনকে ওই শিবিরে সরিয়া আনারও ব্যবস্থা করার নির্দেশ দেন মুখ্য সচিব।

বিদ্যুৎ দপ্তর, জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ও স্বাস্থ্য দপ্তরকেও বন্যা পরিস্থিতি মোকাবিলায় সবরকমভাবে প্রস্তুত থাকতে বলা হয়েছে।

বর্ষায় দুর্যোগের সম্ভাবনা দেখা দিলে মৎস্যজীবীদের যাতে আগেভাগে ফিরিয়ে আনা যায়, তারও প্রস্তুতি নিয়ে রাখতে বলেছেন মনোজ পন্থ্। মৎস্য দপ্তরের সচিব রোশনী সেন জানিয়েছেন, দুর্যোগে মৎস্যজীবীদের কোন নৌকা আটকে পড়লে, দ্রুত তার অবস্থান জানা এবং উদ্ধারের জন্য অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করা হবে।

oooooooooooooooooooooo

আজ থেকে পরবর্তী চার-পাঁচ দিন রাজ্যের প্রায় সর্বত্র বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বর্তমানে উত্তরপ্রদেশ থেকে বাংলাদেশ পর্যন্ত উত্তরবঙ্গ সংলগ্ন এলাকায় একটি নিম্নচাপ অক্ষরেখার কারণে প্রধানত উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন বৃষ্টি বেশি হবে বলেও আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooo

ভারত পাকিস্তান সীমান্তে উত্তেজনার আবহে এক সপ্তাহের বেশি  স্থগিত থাকার পর আইপিএল ক্রিকেট আজ আবার শুরু হচ্ছে ।

দ্বিতীয় পর্যায়ে প্রথম ম্যাচে আজ  ব্যাঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে কলকাতা নাইট রাইডার্স, রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

ooooooooooooooooooooooooo

বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক ধীমান দত্ত প্রয়াত। সল্টলেকের বাড়িতে গতকাল তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়ছিল ৬৭ বছর। দীর্ঘদিন তিনি স্নায়ুজনিত রোগে আসুস্থ ছিলেন।